| শিক্ষকের আলোচ্য | বাংলা সাহিত্যের মধ্যযুগ- জীবনী সাহিত্য, অনুবাদ, প্রণয়োপাখ্যান, লোক সাহিত্য, পুঁথি, দোভাষী সাহিত্য এবং পালাগান |
|---|---|

## চৈতন্যযুগের জীবনী সাহিত্য বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| | |
|---|---|
| পরিচয় | ◙ শ্রী চৈতন্যদেব ও তাঁর কতিপয় শিষ্যের জীবন-কাহিনি নিয়ে জীবনী সাহিত্যের সৃষ্টি।<br>◙ চৈতন্যদেবের জীবনীগ্রন্থকে কড়চা বলা হয়।<br>◙ চৈতন্যদেবের জীবনী সাহিত্য প্রথম রচিত হয় সংস্কৃত ভাষায়। |
| রচয়িতা | ◙ সংস্কৃত ভাষায় প্রথম চৈতন্যদেবের জীবনী গ্রন্থ **'শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য চরিতামৃত'**-এর লেখক **মুরারি গুপ্ত**।<br>◙ বাংলা ভাষায় চৈতন্য জীবনীর প্রথম লেখক **বৃন্দাবন দাস (শ্রীচৈতন্যভাগবত)**। বাংলা জীবনী সাহিত্যের আদি কবি।<br>◙ সবচেয়ে তথ্যবহুল চৈতন্য জীবনীগ্রন্থের রচয়িতা **কৃষ্ণদাস কবিরাজ (শ্রী চৈতন্য চরিতামৃত)**।<br>◙ অন্যান্য রচয়িতাদের মধ্যে লোচনদাস, জয়ানন্দ, গোবিন্দ দাস উল্লেখযোগ্য। |
| চৈতন্যদেব | ◙ বৈষ্ণব ধর্মের প্রচারক।<br>◙ তার জন্ম নবদ্বীপে ১৪৮৬ খ্রিস্টাব্দে।<br>◙ তার ডাক নাম নিমাই এবং পিতৃপ্রদত্ত নাম বিশ্বম্ভর মিশ্র।<br>◙ তার জীবনী রচনার মাধ্যমেই বাংলা জীবনী সাহিত্য রচনা শুরু হয়।<br>◙ বাংলা সাহিত্যে একটি পঙক্তিও না লিখে তার নামে একটি যুগের সৃষ্টি হয়েছে। |

## অনুবাদ সাহিত্য বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| | |
|---|---|
| সময়কাল | ◙ বাংলা সাহিত্যে অনুবাদ কাব্যের সূচনা হয় মধ্যযুগে। |
| ধরন | ◙ বাংলা সাহিত্যে মূলত তিন ধরনের অনুবাদ কর্ম দেখা যায়। এগুলো হলো: ১. সংস্কৃত সাহিত্য থেকে, ২. হিন্দি থেকে এবং ৩. আরবি-ফারসি সাহিত্য থেকে।<br>◙ সংস্কৃত সাহিত্য থেকে গুরুত্বপূর্ণ অনুবাদ- রামায়ণ ও মহাভারত।<br>◙ হিন্দি সাহিত্য থেকে পদ্মাবতী, মধুমালতী ইত্যাদি।<br>◙ আরবি-ফারসি সাহিত্য থেকে ইউসুফ জোলেখা, লায়লী-মজনু, তোহফা ইত্যাদি। |
| রামায়ণ | ◙ মূল রামায়ণ রচনা করেন বাল্মীকি সংস্কৃত ভাষায়।<br>◙ বাংলা ভাষায় রামায়ণের প্রথম ও শ্রেষ্ঠ অনুবাদক কৃত্তিবাস ওঝাঁ।<br>◙ বাংলা ভাষায় রামায়ণের প্রথম মহিলা অনুবাদক বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি চন্দ্রাবতী। |
| মহাভারত | ◙ মূল মহাভারত সংস্কৃত ভাষায় রচনা করেন কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস বা ব্যাসদেব।<br>◙ বাংলা ভাষায় মহাভারতের প্রথম অনুবাদক কবীন্দ্র পরমেশ্বর।<br>◙ বাংলা ভাষায় মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কাশীরাম দাস। |
| আল-কুরআন | ◙ বাংলা ভাষায় আল-কুরআন প্রথম অনুবাদ করেন ভাই গিরীশচন্দ্র সেন। |

## প্রণয়োপাখ্যান বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| | |
|---|---|
| পরিচয় | ◙ বাংলা সাহিত্যে প্রণয় উপাখ্যান ধারার সূচনা হয় মধ্য যুগে মুসলমান সাহিত্যিকদের হাত ধরে ।<br>◙ প্রণয় উপাখ্যান সমূহ মূলত অনুবাদ সাহিত্য ধারার রচনা । তবে কিছু মৌলিক প্রণয় উপাখ্যানের সন্ধানও পাওয়া যায় । |
| ধরন | ◙ বাংলা সাহিত্যে মূলত দুই ধরনের অনুদীত প্রণয় উপাখ্যান পাওয়া যায় । আরবি ফারসী থেকে এবং হিন্দি থেকে । |
| আরবি-ফারসি থেকে | ◙ ফারসি সাহিত্য **ইউসুফ ওয়া জুলায়খা** থেকে **ইউসুফ জুলেখা** অনুবাদ করেন **বাংলা সাহিত্যের প্রথম মুসলিম কবি** এবং **প্রণয়কাব্য ধারা প্রথম কবি শাহ মুহম্মদ সগীর** । এছাড়াও আবদুল হাকিম, ফকীর গরীবুল্লাহ প্রমুখ এই কাব্য রচনা করেন ।<br>◙ **লায়লা ও মাজনুন** থেকে **লায়লী মজনু** রচনা করেন **দৌলত উজির বাহরাম খান** ।<br>◙ সপ্ত পয়কর, সিকান্দার নামা, তোহফা, সয়ফুলমুলক-বদিউজ্জামান রচনা করেন মধ্য যুগের শ্রেষ্ঠ মুসলিম কবি আলাওল । |
| হিন্দি থেকে | ◙ হিন্দি কাব্য মৈনাসত থেকে সতীময়না ও লোরচন্দ্রানী রচনা করেন দৌলত কাজী এবং আলাওল ।<br>◙ পদুমাবৎ থেকে পদ্মাবতী রচনা করেন আলাওল । |

## লোকসাহিত্য বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| | |
|---|---|
| পরিচয় | ◙ লোকসাহিত্য হলো জনসাধারণের মুখে মুখে প্রচলিত গাথা, কাহিনি, গান, ছড়া, প্রবাদ ইত্যাদি । লোকসাহিত্যের উপাদান হলো জনশ্রুতিমূলক বিষয় । বহুদিন পূর্বের কোনো ঘটনা বা কাহিনি লোক পরম্পরায় কল্পনারূপক হয়ে লোকসাহিত্যে স্থান পায় । |
| ধরন | ◙ ড. আশুতোষ ভট্টাচার্য লোক কথাকে তিনটি ভাগে ভাগ করেছেন । যথা –১) রূপকথা, ২) উপকথা ও ৩) ব্রতকথা । |
| অন্যান্য | ◙ লোকসাহিত্যের প্রাচীনতম সৃষ্টি ছড়া ।<br>◙ এক শ্রেণীর আখ্যানমূলক লোকগীতিকে বাংলা সাহিত্যে গীতিকা বলা হয় । ইংরেজিতে এর নাম Ballad ।<br>◙ ফারসি 'Ballet' শব্দ থেকে 'Ballad' শব্দটি এসেছে, যার অর্থ নৃত্য ।<br>◙ 'মৈমনসিংহ গীতিকা' ও 'পূর্ববঙ্গ গীতিকা' প্রকাশিত হয় ড. দীনেশচন্দ্র সেনের সম্পাদনায় ।<br>◙ মৈমনসিংহ গীতিকার অধিকাংশ পালার সংগ্রাহক চন্দকুমার দে ।<br>◙ বাংলাদেশের লোকসাহিত্যের প্রখ্যাত গবেষক ড. আশরাফ সিদ্দিকী ।<br>◙ মৈমনসিংহ গীতিকায় নারী চরিত্র প্রাধান্য পেয়েছে ।<br>◙ 'দেওয়ানা মদিনা' পালাটির রচয়িতা- মনসুর বয়াতি ।<br>◙ 'মৈমনসিংহ গীতিকার' মহুয়া পালাটির রচয়িতা - দ্বিজ কানাই । |

## মর্সিয়া সাহিত্য বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| | |
|---|---|
| পরিচয় | ◙ মর্সিয়া শব্দের অর্থ শোক প্রকাশ করা । এটি আরবি শব্দ । কারবালা প্রান্তরে ইমাম হোসেন ও অন্যান্য শহীদকে উপজীব্য করে মর্সিয়া সাহিত্য সৃষ্টি হয়েছে । |
| অন্যান্য | ◙ শেখ ফয়জুল্লাহ, মুহম্মদ খান, শেখ সেরবাজ, হায়াত মামুদ মর্সিয়া সাহিত্যের উল্লেখযোগ্য রচনাকারী ।<br>◙ ইংরেজ আমলে 'জঙ্গনামা' নামক মর্সিয়া কাব্য রচনা করেন ফকির গরীবুল্লাহ্ । |

## কবিগান, পুঁথি সাহিত্য, টপ্পাগান এবং পাঁচালী গান বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| | |
|---|---|
| কবিগান | ▣ মানুষের মনোরঞ্জনের জন্য কবিওয়ালার নিজেদের মধ্যে বিতর্কের জন্য যে গান রচনা করত তাই কবিগান।<br>▣ কবি গানের আদি গুরু গোঁজলা গুঁই।<br>▣ কবিগানের অন্যান্য কবিওয়ালা ছিলেন- ভবানী বেনে, ভোলা ময়রা, হরু ঠাকুর প্রমুখ।<br>▣ এন্টনি ফিরিঙ্গি ছিলেন পতুগিজ বংশোদ্ভূত কবিওয়ালা। |
| পুঁথিসাহিত্য | ▣ অষ্টাদশ শতকের দ্বিতীয়ার্ধে রচিত আরবি-ফারসি শব্দ মিশ্রিত ইসলামি চেতনাসম্পৃক্ত সাহিত্যই পুঁথি সাহিত্য।<br>▣ আরবি-ফারসি শব্দের প্রাচুর্যের কারণে একে দোভাষী পুঁথি বলা হয়।<br>▣ একে বটতলার পুঁথি নামেও অভিহিত করা হয়।<br>▣ পুঁথি সাহিত্যের প্রথম সার্থক কবি-ফকির গরীবুল্লাহ।<br>▣ অন্যান্য কবিদের মধ্যে আছেন- সৈয়দ হামজা, আবদুর রহিম, কবি কৃষ্ণদাস প্রমুখ। |
| টপ্পাগান | ▣ টপ্পাগানের জনক নিধু বাবু বা রামনিধি গুপ্ত।<br>▣ টপ্পাগান থেকেই আধুনিক গীতিকবিতার সূত্রপাত। |
| পাঁচালী গান | ▣ পাঁচালী গানের সবচেয়ে শক্তিশালী কবি দাশরথি রায়। |

## যুগ সন্ধিক্ষণ বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| | |
|---|---|
| পরিচয় | ▣ এই সময়ের ব্যাপ্তী ১৭৬০-১৮৬০ পর্যন্ত।<br>▣ ১৭৬০ সালে ভারতচন্দ্র রায় গুণাকরের মৃত্যুর মাধ্যমে এই যুগের সূচনা।<br>▣ অনেকেই এই সময়কে অবক্ষয়ের যুগ বলেন।<br>▣ ঈশ্বরচন্দ্র গুপ্তকে যুগসন্ধিক্ষণের কবি বলা হয়। |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | ▣ তিনি যুগসন্ধিক্ষনের একমাত্র প্রতিনিধি স্থানীয় কবি।<br>▣ তার সম্পাদিত পত্রিকার নাম সম্বাদ প্রভাকর। |

## শিক্ষকের আলোচ্য — বাংলা সাহিত্যের প্রথম বিষয়াবলি ও প্রকাশনা

| বিষয় | নাম | লেখক | সাল |
|---|---|---|---|
| রোমান অক্ষরে মুদ্রিত প্রথম বাংলা ব্যাকরণ | পর্তুগিজ-বাংলা অভিধান | মনোয়েল দ্য অ্যাসসুম্পসাঁও | ১৭৪৩ |
| ছাপার অক্ষরে প্রথম বাংলা বই | কৃপার শাস্ত্রের অর্থভেদ | মনোয়েল দ্য অ্যাসসুম্পসাঁও | ১৭৪৩ |
| ইংরেজি ভাষায় প্রকাশিত প্রথম বাংলা ব্যাকরণ | A Grammar of the Bengali Language | নাথানিয়েল ব্রাসি হ্যালহেড | ১৭৭৮ |
| বাংলা সাহিত্যের প্রথম মুদ্রিত গদ্যগ্রন্থ | কথোপকথন | উইলিয়াম কেরি | ১৮০১ |
| বাংলা ভাষায় প্রকাশিত প্রথম বাংলা ব্যাকরণ | বাংলা ব্যাকরণ | উইলিয়াম কেরি | ১৮১৮ |
| বাঙালি রচিত প্রথম বাংলা ব্যাকরণ | গৌড়ীয় ব্যাকরণ | রামমোহন রায় | ১৮৩২ |

| | | | |
|---|---|---|---|
| **বাংলা গদ্য সাহিত্যের প্রথম নিদর্শন** | ব্রাহ্মণ-রোমান-ক্যাথলিক সংবাদ | দোম এন্থনিও রোজারিও | |
| **বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক প্রথম গ্রন্থ** | বঙ্গভাষা ও সাহিত্য | দীনেশচন্দ্র সেন | |
| **ঢাকা থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ** | নীলদর্পণ | দীনবন্ধু মিত্র | ১৮৬০ |
| **বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন** | চর্যাপদ | ২৩/২৪ জন কবি | ৬৫০-১২০০ |
| **মধ্যযুগের প্রথম নিদর্শন/ কবি** | শ্রীকৃষ্ণকীর্তনকাব্য | বড়ু চণ্ডীদাস | চতুর্দশ শতক |
| **প্রথম মুসলমান কবি/ প্রণয় উপাখ্যান** | ইউসুফ-জোলেখা | শাহ্ মুহম্মদ সগীর | পনের শতক |
| **বাঙালি রচিত প্রথম মুদ্রিত গ্রন্থ** | রাজা প্রতাপাদিত্য চরিত | রামরাম বসু | |
| **বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস (বাঙালি কর্তৃক)** | আলালের ঘরের দুলাল | প্যারীচাঁদ মিত্র | ১৮৫৮ |
| **বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস (অবাঙালি কর্তৃক)** | ফুলমনি ও করুনার বিবরণ | হ্যানা ক্যাথারিন ম্যালেন্স | ১৮৫২ |
| **বাংলা প্রথম সার্থক উপন্যাস** | দুর্গেশনন্দিনী | বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | ১৮৬৫ |
| **বাংলা সাহিত্যের প্রথম নাটক/ পৌরাণিক নাটক** | ভদ্রার্জুন | তারাচরণ শিকদার | ১৮৫২ |
| **প্রথম বাংলা মৌলিক নাটক/ সামাজিক নাটক** | কুলীনকুলসর্বস্ব | রামনারায়ণ তর্করত্ন | |
| **বাংলা সাহিত্যের প্রথম মহাকাব্য** | মেঘনাদবধ কাব্য | মধুসূদন দত্ত | ১৮৬১ |
| **বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্রাজেডি** | কৃষ্ণকুমারী | মধুসূদন দত্ত | ১৮৬১ |
| **বাংলা সাহিত্যের প্রথম প্রহসন** | একেই কি বলে সভ্যতা? | মধুসূদন দত্ত | ১৮৫৯ |
| **বাংলা সাহিত্যের প্রথম আধুনিক নাটক** | শর্মিষ্ঠা | মধুসূদন দত্ত | |
| **বাংলা সাহিত্যের প্রথম বিয়োগান্ত্ম নাটক** | কীর্তিবিলাস | যোগেন্দ্রনাথ গুপ্ত | |
| **প্রথম মহিলা উপন্যাসিক** | | স্বর্ণকুমারী দেবী | |
| **বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি** | | চন্দ্রাবতী | |
| **পদাবলীর প্রথম কবি** | | চণ্ডীদাস | |
| **বাংলা সাহিত্যের প্রথম মুসলিম রচিত নাটক** | বসন্তকুমারী | মীর মশাররফ হোসেন | |
| **বাংলা সাহিত্যের প্রথম জীবনীকাব্য** | শ্রীচৈতন্যভাগবত | বৃন্দাবন দাস | |
| **আধুনিক বাংলা সাহিত্যের প্রথম কাব্য** | পদ্মিনী উপাখ্যান | রঙ্গলাল বন্দোপাধ্যায় | |
| **বাংলায় প্রথম প্রবন্ধ গ্রন্থ** | বেদান্ত গ্রন্থ | রাজা রামমোহন রায় | |
| **চলিত গদ্যরীতির প্রথম মুখপত্র** | সবুজপত্র | প্রমথ চৌধুরী | ১৯১৪ |
| **বাংলায় প্রকাশিত প্রথম সাময়িকী** | দিকদর্শন | জনক্লার্ক মার্শম্যান | ১৮১৮ |

| | | | |
|---|---|---|---|
| কাব্য রচনাকারী প্রথম মুসলমান কবি | | মোজাম্মেল হক | |
| বাংলা অক্ষার প্রথম খোদাইকারী | | পঞ্চানন কর্মকার | ১৭৭৮ |
| একুশের প্রথম নাটক | কবর | মুনীর চৌধুরী | |
| একুশের প্রথম সাহিত্য সংকলন | একুশে ফেব্রুয়ারি | হাসান হাফিজুর রহমান | ১৯৫২ |
| বাংলাদেশের প্রথম প্রামাণ্যচিত্র | স্টপ জেনোসাইড | জহির রায়হান | ১৯৭১ |
| একুশের প্রথম উপন্যাস | আরেক ফাল্গুন | জহির রায়হান | |
| বাংলা ভাষার অদি কবি | ১নং চর্যা | লুইপা | ৬৮০ |
| বাংলা সাহিত্যের প্রথম গীতিকবি | | বিহারীলাল চক্রবর্তী | |
| বাংলা সাহিত্যের প্রথম আধুনিক বোধসম্পন্ন কবি | | ঈশ্বরচন্দ্র গুপ্ত | |
| বাংলা সাহিত্যে প্রথম ত্রয়ী মহাকাব্য রচনাকারী | | নবীনচন্দ্র সেন | |
| পুঁথি সাহিত্যের প্রাচীনতম লেখক | | দৌলত কাজী | |
| বাংলা ভাষায় প্রথম ইসলামী গান ও গজল রচনাকারী | | কাজী নজরুল ইসলাম | |
| বাংলা সাহিত্যের প্রথম যতিচিহ্নের ব্যবহারকারী | | ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর | |
| বাংলায় কুরআন শরীফের প্রথম অনুবাদক | | ভাই গিরিশচন্দ্র সেন | |
| রাময়ণ-এর প্রথম অনুবাদক | | কৃত্তিবাস | |
| বাংলায় মহাভারত-এর প্রথম অনুবাদক | | কাশীরাম দাস | |
| ময়মনসিংহ গীতিকার প্রথম ইংরেজি অনুবাদক | | দীনেশচন্দ্র সেন | |

**শিক্ষকের আলোচ্য** | **বাংলা সাহিত্যিকগণের উপাধি**

| সাহিত্যিক | উপাধি |
|---|---|
| বিদ্যাপতি | মিথিলার কোকিল |
| ভারতচন্দ্র | রায় গুণাকর, প্রথম নাগরিক কবি |
| মালাধর বসু | গুণরাজ খান |
| বাহরাম খান | দৌলত উজীর |
| আলাওল | মহাকবি |

| | |
|---|---|
| মুকুন্দরাম চক্রবর্তী | কবিকঙ্কণ |
| প্যারীচাঁদ মিত্র | বাংলা উপন্যাস ধারার প্রতিষ্ঠাতা পুরুষ |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | যুগসন্ধিক্ষণের কবি |
| ঈশ্বরচন্দ্র শর্মা | 'বিদ্যাসাগর' তার উপাধি, বাংলা গদ্যের জনক, যতি বা বিরামচিহ্নের প্রবর্তক |
| বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | সাহিত্য সম্রাট, বাংলা সাহিত্যের প্রথম সার্থক ঔপন্যাসিক |
| শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | অপরাজেয় কথাশিল্পী |
| মাইকেল মধুসূদন দত্ত | বাংলা সাহিত্যে আধুনিকতার উদ্যোক্তা, বাংলা সাহিত্যে সনেটের প্রবর্তক, অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক বাংলা সাহিত্যের প্রথম বিদ্রোহী কবি, 'দত্তকুলোদ্ভব' কবি |
| প্রথম চৌধুরী | চলিতরীতির প্রবর্তক |
| বিহারীলাল চক্রবর্তী | বাংলা গীতিকবিতার জনক, ভোরের পাখি |
| রবীন্দ্রনাথ ঠাকুর | বিশ্বকবি : ব্রহ্মবান্ধব উপাধ্যায় রবীন্দ্রনাথকে এই উপাধি দেন, কবিগুরু, বাংলা ছোটগল্পের জনক |
| সত্যেন্দ্রনাথ দত্ত | ছন্দের জাদুকর |
| গোলাম মোস্তফা | কাব্য সুধাকর |
| আব্দুল করিম | সাহিত্যবিশারদ |
| ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ | ভাষাতত্ত্ববিদ |
| হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় | বাংলার মিল্টন |
| নজিবর রহমান | সাহিত্যরত্ন |
| রামনারায়ণ | তর্করত্ন |
| নূরন্নেসা খাতুন | সাহিত্য সরস্বতী |
| সুফিয়া কামাল | শ্রেষ্ঠ মহিলা কবি, জননী সাহসিকা |
| বেগম রোকেয়া সাখাওয়াত | বাংলাদেশের নারী জাগরণের অগ্রদূত |
| নজরুল ইসলাম | জাতীয় কবি, বিদ্রোহী কবি |
| জীবনানন্দ দাশ | প্রকৃতির কবি, রূপসী বাংলার কবি, তিমির হননের কবি, নির্জনতার কবি |
| জসীমউদ্‌দীন | পল্লীকবি |
| ফররুখ আহমদ | মুসলিম রেনেসাঁর কবি |
| গোবিন্দচন্দ্র দাস | স্বভাব কবি |
| মুকুন্দ দাস | চরণ কবি |
| হাসন রাজা | মরমী কবি |
| সমর সেন | আধুনিক যুগের নাগরিক কবি |
| শামসুর রাহমান | নাগরিক কবি |
| সুকান্ত ভট্টাচার্য | কিশোর কবি |
| বিষ্ণু দে | মার্কসবাদী কবি |

| | |
|---|---|
| সুধীন্দ্রনাথ দত্ত | ক্লাসিক কবি |
| মোজাম্মেল হক | শান্তিপুরের কবি |
| সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী | স্বপ্নাতুর কবি |
| সুভাষ মুখোপাধ্যায় | পদাতিক কবি |
| যতীন্দ্রনাথ সেনগুপ্ত | দুঃখবাদী কবি |
| জাহানারা ইমাম | শহিদ জননী |

## শিক্ষকের আলোচ্য — বাংলা সাহিত্যিকগণের ছদ্মনাম

| ছদ্মনাম | প্রকৃত নাম | ছদ্মনাম | প্রকৃত নাম |
|---|---|---|---|
| বড়ু চণ্ডীদাস | অনন্ত বড়ু | মৌমাছি | বিমল ঘোষ |
| ভানুসিংহ ঠাকুর | রবীন্দ্রনাথ ঠাকুর | জরাসন্ধ | চারুচন্দ্র চক্রবর্তী |
| টেকচাঁদ ঠাকুর | প্যারীচাঁদ মিত্র | যাযাবর | বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায় |
| হুতোম পেঁচা | কালীপ্রসন্ন সিংহ | নীহারিকা দেবী | অচিন্ত্যকুমার সেনগুপ্ত |
| বনফুল | বলাইচাঁদ মুখোপাধ্যায় | বানভট্ট | নীহাররঞ্জন গুপ্ত |
| গাজী মিয়াঁ | মীর মশাররফ হোসেন | পরশুরাম | রাজশখর বসু |
| কায়কোবাদ | কাজেম আল কোরেশী | কালকূট | সমরেশ বসু |
| শওকত ওসমান | শেখ আজিজুর রহমান | নীললোহিত | সুনীল গঙ্গোপাধ্যায় |
| অবধূত | স্বামী কালিকানন্দ | বীরবল | প্রমথ চৌধুরী |
| সুনন্দ | নারায়ণ গঙ্গোপাধ্যায় | দৃষ্টিহীন | মধুসূদন মজুমদার |
| সত্যসুন্দর দাস | মোহিতলাল মজুমদার | দাদাভাই | রোকনুজ্জামান খান |

## শিক্ষকের আলোচ্য — সন্ধি

### সন্ধি বিষয়ক আলোচনা

**সংজ্ঞা এবং সাধারণ তথ্য**

- সন্নিহিত দুটো ধ্বনির মিলনের নাম সন্ধি। যেমন– অতি + ইত = অতীত, উৎ + যান = উদ্যান।
- সন্ধি ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়।
- ক্রিয়া পদের সন্ধি হয়না।
- সন্ধির উদ্দেশ্য ২টি। এগুলো হলো:
  ক) সন্ধির উদ্দেশ্য স্বাভাবিক উচ্চরণে সহজপ্রবণতা এবং খ) ধ্বনিগত মাধুর্য সম্পাদন।

| | |
|---|---|
| সন্ধির প্রকারভেদ | **সন্ধি ২ প্রকার :** ১. বাংলা সন্ধি, ২. সংস্কৃত সন্ধি ।<br>**বাংলা সন্ধি ২ প্রকার :** ১. স্বরসন্ধি, ২. ব্যঞ্জন সন্ধি ।<br>**সংস্কৃত সন্ধি ৩ প্রকার :** ১. স্বরসন্ধি, ২. ব্যঞ্জন সন্ধি ও ৩. বিসর্গ সন্ধি । |

## স্বরসন্ধি

| | |
|---|---|
| অ/আ + অ/আ = আ | **যেমন–** নর + অধম = নরাধম, হিম + আলয় = হিমালয়, যথা + অর্থ = যথার্থ, বিদ্যা + আলয় = বিদ্যালয় । |
| অ/আ + ই/ঈ = এ | **যেমন–** শুভ + ইচ্ছা = শুভেচ্ছা, যথা + ইষ্ট + যথেষ্ট, পরম + ঈশ = পরমেশ, মহা + ঈশ = মহেশ । পূর্ণেন্দু, শ্রবণেন্দ্রিয়, স্বেচ্ছা, নরেশ, রমেশ, নরেন্দ্র ইত্যাদি । |
| অ/আ + উ/ঊ = ও | **যেমন–** সূর্য + উদয় + সূর্যোদয়, যথা + উচিত = যথোচিত, গৃহ + উর্ধ্ব = গৃহোর্ধ্ব, গঙ্গা + উর্মি = গঙ্গোর্মি । এ রূপ– যথোপযুক্ত, হিতোপদেশ, পরোপকার, প্রশ্নোত্তর ইত্যাদি । |
| অ/আ + ঋ = অর্ | **যেমন–** দেব + ঋষি = দেবর্ষি, মহা + ঋষি = মহর্ষি । এ রূপ– অধমর্ণ, উত্তমর্ণ, সপ্তর্ষি, ইত্যাদি । |
| অ/আ + ঋত = আর্ত | **যেমন–** শীত + ঋত = শীতার্ত, তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত । এরূপ– ভয়ার্ত, ক্ষুধার্ত ইত্যাদি । |
| অ/আ + এ/ঐ = ঐ | **যেমন–** জন = এক = জনৈক, সদা = এব = সদৈব, মত + ঐক্য = মতৈক্য, মহা + ঐশ্বর্য = মশ্বৈর্য । এরুপ– হিতৈষী, সর্বৈর, অুলৈশ্বর্য ইত্যাদি । |
| অ/আ + ও/ঔ = ঔ | **যেমন–** বন + ওষধি + বনৌষধি, মহা + ওষধি = মহৌষাধি, পরম + ঔষধ = পরমৌষধ, মহা + ঔষধ = মহৌষধ । |
| ই/ঈ + ই/ঈ = ঈ | **যেমন–** অতি + ইত = অতীত, পরি + ঈক্ষা = পরীক্ষা, সতী + ইন্দ্র = সতীন্দ্র, সতী + ঈশ = সতীশ । এ রুপ– গিরীন্দ্র, শ্রীশ, প্রতীত, রবীন্দ্র, দিল্লীশ্বর ইত্যাদি । |
| ই/ঈ + অন্যস্বর = য্ + অন্যস্বর | **যেমন–** অতি + অন্ত + অত্যন্ত, ইতি + আদি = ইত্যাদি, অতি + উক্তি = অত্যুক্তি, নদী + অম্বু = নদ্যম্বু । এ রুপ– প্রত্যহ, অত্যধিক, গত্যন্তর, প্রত্যাশা, প্রত্যাবর্তন, আদ্যন্ত, যদাপি, পর্যন্ত, অভ্যুত্থান, অগ্ন্যুপাত, অত্যাশ্চর্য, প্রত্যুপকার ইত্যাদি । |
| উ/ঊ + উ/ঊ | **যেমন–** মরু + উদ্যান = মরূদ্যান, বহু + উর্ধ্ব = বহূর্ধ্ব, বধূ + উৎসব = বধূৎসব, ভূ + ঊধ্ব = ভূর্ধ্ব । |
| উ/ঊ + অন্যস্বর = ব্ + অন্যস্বর | **যেমন–** সু + অল্প = স্বল্প, সু + আগত = স্বাগত, অনু + ইত = অন্বিত, তনু + ঈ = তন্বী, অনু + এষণ = অন্বেষণ । এ রূপ– পশ্বধম, পাশ্বধম, পশ্বাচার, অন্বয়, মন্বন্তর ইত্যাদি । |
| ঋ + অন্যস্বর = র্ + অন্যস্বর | **যেমন–** পিতৃ + আলয় = পিত্রালয়, পিতৃ + আদেশ = পিত্রাদেশ । |
| এ + অন্যস্বর = অয়্ + অন্যস্বর<br>ঐ + অন্যস্বর = আয়্ + অন্যস্বর<br>ও + অন্যস্বর = অব্ + অন্যস্বর<br>ঔ + অন্যস্বর = আব্ + অন্যস্বর | **যেমন–** নে + অন = নয়ন, শে + অন = শয়ন ।<br>**যেমন–** নৈ + অক = নায়ক, গৈ + অক = গায়ক ।<br>**যেমন–** পো + অন + পবন, লো + অন = লবণ, পৌ + অক = পাবক, গো + আদি = গবাদি, গবেষণা, পবিত্র ইত্যাদি ।<br>**যেমন–** নৌ + ইক + নাবিক, ভৌ + উক + ভাবুক । |
| নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি | কুল + অটা = কুলটা, গো + অক্ষ = গবাক্ষ, প্র + এষণ + প্রেষণ, অন্য + অন্য + অন্যান্য, রক্ত + ওষ্ঠ = রক্তোষ্ঠ, প্র + উঢ় = পৌঢ়, সীমন + অত = সীমন্ত, মার্ত + অ- = মার্ত-, শুদ্ধ + ওদন + শুদ্ধোদন, স্ব + ঈর = স্বৈর । |

## ব্যঞ্জন সন্ধি

| | |
|---|---|
| ব্যঞ্জনসন্ধির প্রকারভেদ | ১. ব্যঞ্জনধ্বনি স্বরধ্বনি<br>২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি<br>৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জন ধ্বনি । |
| **ব্যঞ্জনসন্ধি + স্বরসন্ধি**<br>ক্, চ্, ট্, ত্, প্ + স্বরধ্বনি = | (ক্ + অ = গ) দিক্ + অন্ত = দিগন্ত, (চ্ + অ হ= জ) ণিচ্ + অন্ত = ণিজন্ত, (ত্ + অ = দ) তৎ + অবধি = তদবধি, (প্ + অ = ব) সুপ্ + অন্ত = সুবন্ত । |

| | |
|---|---|
| গ, জ্, ড্, (ডু), দ্, ব +স্বরধ্বনি | |
| **স্বরসন্ধি + ব্যঞ্জনসন্ধি**<br>স্বরধ্বনি + ছ = স্বরধ্বনি +চ্ছ | (অ+ ছ = চ্ছ) এক + ছত্র = একচ্ছত্র। (আ + ছ = চ্ছ) কথা + ছলে = কথাচ্ছলে। (ই + ছ = চ্ছ) পরি + ছেদ = পরিচ্ছেদ। এ রূপ- মুখচ্ছবি, বিচ্ছেদ, পরিচ্ছেদ, বিচ্ছিন্ন, অঙ্গচ্ছেদ, আলোকচ্ছটা, প্রতিচ্ছবি, প্রচ্ছদ, আচ্ছাদন, বৃক্ষচ্ছায়া, স্বচ্ছন্দে, অনুচ্ছেদ প্রভৃতি। |
| ত্/দ্ + চ/ছ = চ্ +চ/ছ | (ত্ + চ = চ্চ) সৎ +চিন্তা = সচ্চিন্তা। (ত্ + ছ = চ্ছ) উৎ + ছেদ = উচ্ছেদ। (দ্ + চ = চ্চ) বিপদ্ + চায় = বিপচ্চয়। (দ + ছ = চ্ছ) বিপদ্ + ছায়া = বিপচ্ছায়া এ রূপ- উচ্চরণ, শরচ্চন্দ্র, সচ্চরিত্র, তচ্ছবি, প্রভৃতি। |
| ত্/দ্ + জ/ঝ = জ্ + জ/ঝ | (ত্ + জ = জ্জ) সৎ + জন = সজ্জন । (দ্ + জ = জ্জ) বিপদ্ + জনক = বিপজ্জনক। (ত্ + ঝ = জ্ঝ) = কুৎ + ঝটিকা = কুজ্ঝটিকা। এ রূপ- উজ্জ্বল, যাবজ্জীবন, জগজ্জীবন ইত্যাদি। |
| ত্/দ্ + শ = চ্ছ | উৎ + শ্বাস = উচ্ছ্বাস। এ রূপ- চলচ্ছক্তি, উচ্ছৃঙ্খল ইত্যাদি। |
| ত্/দ্ + ড = ড্ড | উৎ + ডীন = উড্ডীন। |
| ত্/দ্ + হ = দ্ + ধ | (ত + হ = দ্ + ধ = দ্ধ) উৎ + হার = উদ্ধার। (দ্ + হ = দ্ + ধ = দ্ধ) পদ্ + হতি = পদ্ধতি। এ রূপ- উদ্ধৃত, উদ্ধত, তদ্ধিত ইত্যাদি। |
| ত্/দ্ + ল = ল্ + ল | (ত্ + ল = ল্ + ল = ল্ল) উৎ + লাস = উল্লাস। এ রূপ- উল্লেখ, উল্লিখিত, উল্লেখ্য, উল্লঙ্ঘন ইত্যাদি। |
| **বিশেষ নিয়মে সাধিত ব্যঞ্জন সন্ধি** | উৎ + স্থান = উত্থান, সম্ + কার = সংস্কার, উৎ + স্থিত = উত্থিত, উৎ + স্থাপন = উত্থাপন, সম্ + কৃত = সংস্কৃত পরি + কার = পরিষ্কার, সম্ + কৃতি = সংস্কৃতি, পরি + কৃত = পরিষ্কৃত । |
| **নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধি** | আ + চর্য = আশ্চর্য, গো + পদ = গোষ্পদ, বন + পতি = বনস্পতি, বৃহৎ + পতি = বৃহস্পতি, পর + পর = পরস্পর, মনস + ঈষা = মনীষা, ষট্ + দশ = ষোড়শ, এক + দশ = একাদশ, মৃত্যু + জয় = মৃত্যুঞ্জয়, পতৎ + অঞ্জলি = পতঞ্জলি দিব + লোক = দ্যুলোক ইত্যাদি। |

## বিসর্গ সন্ধি

| | |
|---|---|
| **বিসর্গ সন্ধির প্রকারভেদ** | বিসর্গ সন্ধি দু ভাবে সাধিত হয় : **১. বিসর্গ + স্বর এবং ২. বিসর্গ + ব্যঞ্জন।** |
| **অ-কারের পরস্থিত স্ - জাত বিসর্গের পর ঘোষ ধ্বনি কিংবা হ, য,ব, র, ল থাকলে অ-কার ও স্ - জাত বিসর্গ উভয় স্থলে ও-কার হয়।** | যেমন - তিরঃ + ধান = তিরোধান, মনঃ + রম = মনোরম, মনঃ + হর = মনোহর, তপঃ + বন = তপোবন ইত্যাদি। |
| **অ-কারের পরস্থিত র্ - জাত বিসর্গের পর স্বরধ্বনি ও উপরিউক্ত ধ্বনিসমূহের কোনোটি থাকলে বিসর্গ স্থানে 'র্' হয়।** | যেমন - অন্তঃ + গত = অন্তর্গত, অন্তঃ + ধান = অন্তর্ধান, পুনঃ + আয় = পুনরায়, পুনঃ + উক্ত = পুনরুক্ত, অহঃ + অহ = অহরহ, এ রূপ পুনর্জন্ম, পুনর্বার, প্রাতরুত্থান, অন্তর্ভুক্ত, পুনরপি, অন্তর্বর্তী ইত্যাদি। |
| **অন্যান্য কিছু বিসর্গসন্ধি সাধিত শব্দের উদাহরণ** | নি ঃ + আকার = নিরাকার, আশীঃ + বাদ = আশীর্বাদ, দুঃ + যোগ = দুর্যোগ, নিঃ + চয় = নিশ্চয়, শিরঃ + ছেদ = শিরশ্ছেদ, ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কার, নিঃ + ঠুর = নিষ্ঠুর, দুঃ + তর = দুস্তর,দুঃ + থ = দুস্থ, নম ঃ + কার = নমস্কার, পদ ঃ + খলন = পদস্খলন, নি ঃ + কর = নিষ্কর, দু ঃ + কর = দুষ্কর, প্রাতঃ + কাল = প্রাতঃকাল, মনঃ + কষ্ট = মনঃকষ্ট, শিরঃ + পীড়া = শিরঃপীড়া, নিঃ + স্তব্ধ = নিঃস্তব্ধ কিংবা নিস্তব্ধ, দুঃ + স্থ = দুঃস্থ কিংবা দুস্থ, নিঃ + স্পন্দ = নিঃস্পন্দ কিংবা নিস্পন্দ ইত্যাদি। |
| **বিশেষ বিসর্গ সন্ধি** | বাচঃ + পতি = বাচস্পতি, ভাঃ + কর = ভাস্কর, অহঃ + নিশা = অহর্নিশ, অহঃ + অহ = অহরহ ইত্যাদি |

## শিক্ষকের করণীয় | ধাতু এবং প্রকৃতি ও প্রত্যয়

☑ **ধাতু বা ক্রিয়াপ্রকৃতি:** ক্রিয়াপদের মূল অংশকে ধাতু বলে।

☑ **প্রকৃতি:**
শব্দ ও ক্রিয়ার মূলকে বলে প্রকৃতি। প্রকৃতি ও প্রত্যয় ব্যাকরণের রূপতত্ত্বে আলোচিত হয়।

**নামপ্রকৃতি বা প্রাতিপাদিক:** বিভক্তিহীন নাম শব্দকে বলে প্রাতিপাদিক।
➤ যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তাকে বিভক্তি বলে।
➤ ধাতুর শেষে 'অন্ত' প্রত্যয় যোগ করলে বিশেষণ পদ গঠিত হয়।

**প্রত্যয়:** শব্দ বা নাম প্রকৃতির এবং ক্রিয়া প্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে প্রত্যয় বলে।
প্রত্যয় দুই প্রকার:
**কৃৎ প্রত্যয়:** ধাতুর সঙ্গে যুক্ত প্রত্যয়কে কৃৎ প্রত্যয় বলে। কৃৎ প্রত্যয় যোগে যে পদ গঠিত হয় তাকে বলে কৃদন্ত পদ।

**তদ্ধিত প্রত্যয়:** শব্দের সাথে যুক্ত প্রত্যয়কে তদ্ধিত প্রত্যয় বলে।
তদ্ধিত প্রত্যয় নাম প্রকৃতির সাথে যুক্ত প্রত্যয়কে তদ্ধিত প্রত্যয় বলে।
➤ তদ্ধিত প্রত্যয় নাম প্রকৃতির সাথে যুক্ত হয়। ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য হলো নতুন শব্দ গঠন।

**কৃৎ প্রত্যয়:** মুক্ত- √মচ + ক্ত; গমন- √গম+ অন; শ্রদ্ধা- শ্র+ √ধা +আ; নায়ক- √নৈ+অক; পাঠক- √পঠ+ অক; কার্য- √কৃ+য; দোলনা- √দুল + অনা; শ্রবণ- √শ্রু + অনট।

**তদ্ধিত প্রত্যয়:**
মেধাবী- মেধা+ বিন্ সাহচর্য- সহচর+ যা দ্রাঘিমা- দীর্ঘ + ইমন জেলে- জাল + ইয়া; চাকরানী- চাকর + আনী; মেছো- মাছ + উয়া > ও; মশারি- মশক+ আরি; মাধ্যমিক- মধ্যম + ষ্ণিক; বর্গাদার- বর্গা + দার; মানব- মনু + ষ্ণ; শৈশব- শিশু + ষ্ণ।

☞ **তথ্য:**
'ষ্ণ' প্রত্যয়যুক্তে শব্দে মূল স্বরের বৃদ্ধি হয়।
- "পাঠক" শব্দটি সংস্কৃত ধাতু হতে গঠিত। এর সাথে প্রত্যয় যুক্ত হয়েছে।
- কেষ্টা শব্দে প্রত্যয় অবজ্ঞার্থে ব্যবহৃত হয়েছে।
-মেছো শব্দে প্রত্যয় উপজীবিকা অর্থে ব্যবহৃত হয়েছে।
-প্রত্যয়গতভাবে শুদ্ধ শব্দ উৎকর্ষ, উৎকর্ষতা অশুদ্ধ।
-'ফোড়ন' শব্দটি প্রত্যয়যোগে গঠিত।
-'চালবাজৎ শব্দের 'বাজ' প্রত্যয়টি বিদেশি।
-'নিঃশ্বাস' শব্দটি প্রত্যয়সাধিত।
-'জেলেনী' শব্দটি প্রত্যয়যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ।

## শিক্ষকের আলোচ্য | তাৎক্ষণিক অনুশীলন পর্ব

**ক্লাশের আলোচনার প্রেক্ষিতে শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে অবশ্যই তাৎক্ষণিক অনুশীলন করিয়ে নেবেন এবং পরবর্তীতে ব্যাখ্যা প্রদান করিবেন-**

১. 'বাক্য'–এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?
২. 'মাধ্যমিক' এর প্রকৃতি প্রত্যয় কোনটি ?
৩. 'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি ?
৪. ক্রিয়াপদের মূল অংশকে কি বলে ?
৫. 'গায়ক' শব্দটির সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
৬. 'মুক্তি' শব্দটির সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
৭. 'সৃষ্টি' এর প্রকৃতি প্রত্যয়–
৮. 'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
৯. ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যোগ করার উদ্দেশ্য কী ?
১০. 'মহিমা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
১১. 'নয়ন' শব্দটির সঠিক প্রত্যয় নির্ণয় –
১২. নিচের কোন শব্দে প্রত্যয় 'উপজীবিকা' অর্থে ব্যবহৃত হয়েছে
১৩. 'উৎকর্ষতা' কি কারনে অশুদ্ধ?
১৪. অর্থহীনভাবে প্রত্যয় যুক্ত শব্দ কোনটি ?
১৫. প্রত্যয়গতভাবে শুদ্ধ কোনটি?
১৬. নিচের কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ?
১৭. ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য কী?
১৮. 'ফুলদানি' শব্দের 'দানি'-র ভাষিক পরিচয় -
১৯. প্রত্যয়ান্ত শব্দ
২০. 'বর্ধিষ্ণু' শব্দের প্রকৃতি-প্রত্যয়
২১. য-প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি ?
২২. শব্দ ও ধাতুর মূলকে বলে ?
২৩. যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তার নাম কী ?
২৪. বিভক্তিহীন নাম শব্দকে কি বলে ?
২৫. 'মেছো' শব্দের প্রকৃতি প্রত্যয় কি ?
২৬. 'চাকরানী' শব্দটি কোন প্রত্যয় যোগে গঠিত?

## শিক্ষকের করণীয় | পদ প্রকরণ

☑ **পদ:**

বিভক্তিযুক্ত ধাতু বা শব্দকে পদ বলে। বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দ এক একটি পদ।

**প্রকারভেদ:** পদ মূলত দুই প্রকার। যথা– নামপদ ও ক্রিয়াপদ।

☞ **বিশেষ্য পদ:**

- **নামবাচক বিশেষ্য:** (ব্যক্তি, ভৌগোলিক স্থান বা সংজ্ঞা, গ্রন্থের নাম) যেমন: ঢাকা, মক্কা, হিমালয়, ককেশাস অঞ্চল, মধ্যপ্রাচ্য, আরব সাগর, গীতাঞ্জলি, অগ্নি-বীণা, বিশ্বনবী।
- **জাতিবাচক বিশেষ্য:** (এক জাতীয় প্রাণী বা পদার্থের সাধারণ নাম) যেমন: গরু, মানুষ, পাখি, ইংরেজ, হিন্দু, মুসলমান, নদী।
- **বস্তুবাচক বিশেষ্য:** (উপাদানবাচক পদার্থের নাম) যেমন: চেয়ার, টেবিল, চাল, মাটি, চিনি, লবণ, কাঠ, ধন, গৈরিক।
- **সমষ্টিবাচক বিশেষ্য:** (কিছু সংখ্যক ব্যক্তি বা প্রাণীর সমষ্টি) যেমন: সভা, জনতা, সমিতি, পঞ্চায়েত, মাহফিল, দল।
- **ভাববাচক বিশেষ্য:** (ক্রিয়ার ভাব বা কাজের ভাব, ধাতুর পর আই প্রত্যয় যুক্ত হয়) যেমন: যাওয়ার কাজ- গমন, দেখার কাজ- দর্শন, খাওয়ার কাজ- ভোজন, শোওয়ার কাজ- শয়ন।
- গুণবাচক বিশেষ্য: (কোনো বস্তুর দোষঘ বা গুণ) যেমন: সততা, নম্রতা, কুলীন, শালীন, মধুর, তারল্য, তিক্ততা, তারুণ্য, সৌন্দর্য, বীরত্ব, নিপুণ, লাজ, স্নিগ্ধ, উৎকর্ষ, ধীরতা, গাম্ভীর্য।
- 'সুন্দর মাত্রেরই একটা আকর্ষণ শক্তি আছে।' এবং 'সুন্দর মানুষকে নিজের দিকে টানে'– এই বাক্যদ্বয়ে 'সুন্দর' বিশেষ্য পদ।

☞ **বিশেষণ পদ:**

- **নাম বিশেষণ:** যে পদ বিশেষ্য ও সর্বনাম পদকে বিশেষায়িত করে তাকে নাম বিশেষণ বলে।
- **বিশেষ্যের বিশেষণ:** ধাতুর শেষে অন্ত্য প্রত্যয় যুক্ত হয়।
- **সর্বনামের বিশেষণ:** বুদ্ধিমান তারা, অপরিচিত তুমি, নির্বোধ সে।

☞ **ভাব বিশেষষণ:**

- ক্রিয়া বিশেষণ- ধীরে ধীরে বায়ু বয়
- বিশেষণের বিশেষণ- মেঘলা আকাশ, সামান্য একটু দুধ দাও
- অব্যয়ের বিশেষণ- অত হায় হায় কিসের, কি ঘোর মিশমিশে।
- এ এক অমোঘ সত্য- এখানে 'সত্য' বিশেষণ পদ।

☞ সে খুব তাড়াতাড়ি হাটল- বাক্যে 'তাড়াতাড়ি' ক্রিয়া বিশেষণ।

☞ অতি ভক্তি চোরের লক্ষণ- বাক্যটির 'অতি' পদটি বিশেষ্যের বিশেষণ।

☞ অতিশয় মন্দ কড়থা- বাক্যে 'অতিশয়' বিশেষণের বিশেষণ।

☞ একই শব্দ বিভিন্ন পদরূপে ব্যবহার:
মন্দ- মন্দকে (বিশেষ্য) মন্দ (বিশেষণ) বলতেই হবে। ভালো- আপন ভালো (বিশেষণ) সবাই চায়, নিজের ভালো (বিশেষণ) কে না চায়। ভালোকে (বিশেষ্য) ভালো (বিশেষণ) বলবো না তো কী? ভালো (বিশেষণ) মানুষ কমই দেখা যায় নিশীথ- নিশীথ (বিশেষণ) রাতে বাজে বাঁশি।

**কিছু গুরুত্বপূর্ণ শব্দ**

| শব্দ | বিশেষণ |
|---|---|
| দহন | দাহ্য |
| ইচ্ছা | ঐচ্ছিক |
| ঘর | ঘরোয়া |
| সন্ধ্যা | সান্ধ্য |
| চালাকী | চালাক |
| ভূগোল | ভৌগোলিক |
| প্রাচুর্য | প্রচুর |
| দৈন্য | দীন |
| সমুদ্র | সামুদ্রিক |
| সর্বজন | সর্বজনীন |
| বস্তু | বাস্তব |
| গুরু | গরিষ্ঠ |
| লাজ | লাজুক |
| কাবুলিওয়ালা | কাবুলি |
| জীবন | জীবনী |

**সর্বনাম পদ:**

বিশেষ্যের পরিবর্তে ব্যবহৃত পদ হলো সর্বনাম পদ। উদাহরণ: স্বয়ং, নিজ, সবাই, অন্য, পর, অপর।

ব্যতিহারিক সর্বনাম: আপনা-আপনি, নিজে-নিজে, আপসে-আপসে।

অনির্দেশক সর্বনাম: কেউ কেউ, কিছু কিছু।

প্রশ্নবাচক সর্বনাম: কে, কি, কেন, কী, কার।

**অব্যয় পদ:** ন ব্যয়= অব্যয়। যে পদের কোন ব্যয় বা পরিবর্তন হয় না, তাকে অব্য পদ বলে। ও, আর, এবং, কিন্তু, না, বা, অথবা, অপেক্ষা, পর্যন্ত, নতুবা, যদিও, তবুও, তথাপি, যদ্যপি, অর্থাৎ– এসব হলো অব্যয় পদ।

অব্যয় পদের প্রকারভেদ: অব্যয় পদ চার ধরনের: সমুচ্চয়ী অব্যয়: এ জাতীয় অব্যয় 'শব্দের সাথে শব্দের' অথবা 'বাক্যের সাথে বাক্যের' সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায়। যেমন:

সংযোজক: তুমি ও আমি সেখানে যাব।

তাসলিম ও তারিবা স্কুলে যাবে।

বিয়োজক: লেখাপড়া কর নতুবা ফেল করবে।

মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।

সংকোচক: লোকটি দরিদ্র কিন্তু সৎ।

অনন্বয়ী অব্যয়: অন্বয়= সম্পর্ক, অনন্বয়= সম্পর্কহীন। অনন্বয়ী অব্যয়ের সাথে মূল বাক্যের কোন সম্পর্ক নেই, তা কেবল বক্তার আনন্দ, উচ্ছ্বাস, বিষাদ প্রভৃতি মনোভাব প্রকাশে সহায়তা করে।

যেমন: মরি! মরি! কি সুন্দর প্রভাতের রূপ।

অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয়: এগুলো ধ্বনির দ্যোতনা সৃষ্টি করে বা অনুরণন করে।

যেমন: কড়কড়। চিলটি সাঁ সাঁ দশব্দে উড়িয়া গেল, বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে এল বান।

**অনুসর্গ অব্যয়:** তৃতীয়া অথবা পঞ্চমী বিভক্তির চিহ্নগুলো অনুসর্গ হিসেবে ব্যবহৃত হলে তাদের অনুসর্গ অব্যয় বলে। যেমন: দ্বারা, দিয়া, হইতে, থেকে।

**অব্যয় পদের বিভিন্ন অর্থ প্রকাশ:** তাকেও আসতে বলেছি- 'ও' এর ব্যবহার স্বীকৃতি জ্ঞাপনে, যত গর্জে তত বর্ষে না- যত-তত এর ব্যবহার বৈপরীত্য অর্থে, তুমি না সেদিন বাড়ি গিয়েছিলে? 'না' এর ব্যবহার নিশ্চয়তা অর্থে, সে নাকি আসবে না- 'না' এর ব্যবহার নিশ্চয়তা অর্থে। তুমি না বলেছিলে

আগামীকাল আসেব- 'না' এর ব্যবহার হা সূচক, কী বিপদ! ভিক্ষুকটা যে পিচনে লগেই আছে- 'কী' এর ব্যবহার বিরক্তি প্রকাশে, তুই কি কাজ করবি না মার খাবি?- 'কি' এর ব্যবহার ক্রোধ প্রকাশে।

**ক্রিয়াপদ**: যে পদ দ্বারা কোন কার্য সম্পদন বুঝায় তাই ক্রিয়াপদ। এটি বাক্য গঠনের জন্য অপরিহার্য পদ, তবে কখনো কখনো উহ্য থাকতে পারে।

ক্রিয়াপদের মূল অংশকে বলে ধাতু, ক্রিয়ার বিষয়কে বলে কর্ম।

উদাহরণ: বাবা বাড়ি নেই- এ বাক্যে নেই ক্রিয়াপদ। উৎপত্তির দিক থেকে ক্রিয়াপদ দউ প্রকার: মৌলিক ক্রিয়াপদ ও কৃদন্ত ক্রিয়াপদ।

**ভাব প্রকাশ অনুযায়ী ক্রিয়াপদ**: সমাপিকা ক্রিয়া: ক্রিয়াপদ দ্বারা বাক্য সমাপ্ত হয়। যেমন:

বন্যায় ফসলের ক্ষতি হয়েছে।

তুমি বল আমি শুনি।

অসমাপিকা ক্রিয়া: এই ক্রিয়াপদ দ্বারা বাক্য সমাপ্ত হয় না। যেমন:

আমি ভাত খেয়ে স্কুলে যাব।

সে দেখতে লাগলো।

তাকে বলতে দাও।

আমরা বাঁচতে চাই।

**প্রকৃতি অনুযায়ী ক্রিয়াপদ**: যৌগিক ক্রিয়া: অসমাপিকা ক্রিয়া + ১টি সমাপিকা ক্রিয়া = যৌগিক ক্রিয়া। যেমন: এ চক্র ছিন্ন করতেই হবে। এখন যেতে পার। শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে।

প্রযোজক ক্রিয়া: নিজে কাজ না করে অন্যকে দিয়ে কাজ সম্পন্ন করায়। যেমন: মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন।

নামধাতুর ক্রিয়া: বিশেষ্য, বিশেষণ ও ধ্বন্যাত্মক অব্যয়ের সাথে ক্রিয়া বিভক্তি যুক্ত হয়ে ক্রিয়া গঠন করে। মিশ্র ক্রিয়া: বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক অব্যয়ের সাথে ধাতু যুক্ত হয়ে ক্রিয়াপদ গঠন করে।

যেমন: ছেলেটি গোল্লায় গেছে।

**ক্রিয়ার কর্ম**: বাবা আমাকে একটি কলম দিলেন। মুখ্য কর্ম- বাক্যের বস্তুবাচক কর্ম। 'কলম' মুখ্য কর্ম। গৌণ কর্ম- বাক্যের ব্যক্তিবাচক র্ক। 'আমাকে' গৌণ কর্ম।

সমধাতুজ কর্ম- ক্রিয়া এবং কর্ম একই ধাতু থেকে উৎপন্ন হয়। যেমন: আমি বেশ এক ঘুম ঘুমিয়েছি।

সে যে চাল চেলেছে তাতে তাকে ষড়যন্ত্রকারী ছাড়া কিছুই বলা যায় না।

ধাতু: ক্রিয়ার মূল অংশকে ধাতু বলে। ধাতু তিন প্রকার:

**মৌলিক ধাতু**- এ ধাতু বিশ্লেষণ করা যায় না। যেমন: কাট্, লিখ্, চল্, ধর্।

-সাধিত ধাতু- এ ধাতু বিশ্লেষণ করলে প্রত্যয় ও ধাতু পাওয়া যায়। যেমন: পড় + আ = পড়া।

যৌগিক ধাতু- বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক অব্যয়ের সাথে মৌলিক ধাতু যুক্ত হয়ে যৌগিক ধাতু গঠিত হয়। যেমন: যোগ + কর = যোগ কর।

**ক্লাশের আলোচনার প্রেক্ষিতে শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে তাৎক্ষণিক অনুশীলন করিয়ে নেবেন এবং পরবর্তীতে ব্যাখ্যা প্রদান করিবেন-**

১. 'শত ধিক! জন্মভূমি রক্ষাহেতু কে ডরে মরিতে?'–এখানে 'ধিক' হলো
২. 'নিশীথ রাতে বাজছে বাঁশি' এখানে নিশীথ কোন পদ?
৩. নিচের কোনটি সংশয় বাচক অব্যয়ের দৃষ্টান্ত
৪. সাইরেন বেজে উঠল। বেজে উঠল কী ধরনের ক্রিয়াপদ?
৫. প্রেম পরীক্ষা-এখানে প্রম শব্দটি কী ধরনের বিশেষণ?
৬. নিচের কোনটি সর্বনাম?
৭. অদ্য, আদ্যাপি, নতুবা-এগুলো কী?
৮. নীল আকাশে সাদা মেঘ ভেসে বেড়ায়- এখানে নীল কোন পদ?
৯. "এ যে আমাদের চেনা লোক"– বাক্যে 'চেনা' কোন পদ ?
১০. নিচের কোনটি ক্রিয়া পদ?
১১. কোনটি বিশেষণ ?
১২. কোন কিছুর নামকে বলে
১৩. বাংলা ভাষায় পদ কয় প্রকার ?
১৪. 'লাজ' কোন ধরনের শব্দ ?
১৫. 'পুণ্যে মতি হোক' বাক্যে পূণ্য কোন পদরূপে ব্যবহৃত হয়েছে ?
১৬. 'চাতুর্য' শব্দের বিশেষণ কোনটি ?
১৭. কোন বাংলা পদের সাথে সন্ধি হয় না ?
১৮. 'ছেলে তো নয় যেন ননীর পুতুল' – এখানে 'যেন'
১৯. 'অণু' শব্দের বিশেষণ কোনটি ?
২০. নিচের কোন শব্দটি বিশেষ্য ?
২১. কোনটি সর্বনাম পদ ?
২২. "মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন"-এখানে 'কিংবা' অব্যয়টি কোন অব্যয় ?
২৩. ভাষায় সর্বনামের ব্যবহারের উদ্দেশ্য কি ?
২৪. 'হাসি দিয়ে ঘরটিকে ভরিয়ে রাখতো সে।'- বাক্যটিতে 'দিয়ে' হলো:
২৫. 'দর্শন' বিশেষ্য পদের বিশেষণ-
২৬. 'তুমি এতক্ষণ কী করেছ?' এই বাক্যে "কী" কোন পদ?
২৭. 'ব্যাঘাত' - এর বিশেষণ -
২৮. 'আকাশে শুধু নীল আর নীল'-এই বাক্যে 'আর' হচ্ছে
২৯. 'যেমন কর্ম তেমন ফল' -বাক্যটি কি?
৩০. জাতিবাচক বিশেষ্যের দৃষ্টান্ত-
৩১. ধাতুর পর কোন প্রত্যয় যুক্ত করে ভাববাচক বিশেষ্য বুঝায় ?
৩২. লাজ কোন ধরনের শব্দ? সুন্দর মাত্রেরই একটা আকর্ষণ শক্তি আছে, এই বাক্যে সুন্দর শব্দটি কোন পদ?
৩৩. তিনটি বছর এখানে 'তিনটি' কোন পদ?
৩৪. কোনটি বিশেষণ বাক্যের শব্দ?
৩৫. 'ইচ্ছা' বিশেষ্যের বিশেষণ কি?
৩৬. 'এ মাটি সোনার বাড়া' এখানে সোনা কোন অর্থে ব্যবহার করা হয়েছে?
৩৭. তুমি এতক্ষণ কী করেছ? এ বাক্যে কী কোন পদ?
৩৮. 'মরিমরি: কি সুন্দর প্রভাতের রুপ' বাক্যে মরিমরি কোন শ্রেণীর অব্যয়?
৩৯. তুমি না বলেছিলে আগামীকাল আসবে? এখানে না এর ব্যবহার কি অর্থে?
৪০. ভিক্ষুকটা যে পেছনে লেগেই রয়েছে, কী বিপদ! এই বাক্যের কী এর অর্থ
৪১. কখনো কখনো বাক্যে উহ্য থাকতে পারে- 'বাবা বাড়ি নেই' এ বাক্যে নেই কোন পদ ?
৪২. যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর- এখানে হারায় কোন ধাতু?

৪৩. ছেলেটি গোল্লায় গেছে, এ বাক্যে ক্রিয়াপদটি কোন ধরনের ?

৪৪. ভাষায় সর্বনামের ব্যবহারের উদ্দেশ্য কি?

## শিক্ষকের আলোচ্য | বাক্য প্রকরণ

☑ **বাক্য:**

☞ যে সুবিন্যস্ত পদসমষ্টির দ্বারা বক্তার মনোভাব সম্পূর্ণ প্রকাশ পায় তাই বাক্য। বাক্যের ক্ষুদ্রতম একক শব্দ। বাক্যে প্রধানত দুটি অংশ থাকে- উদ্দেশ্য ও বিধেয়।
ভাষার বিচারে বাক্যের তিনটি গুণ থাকতে হয়-
আকাঙ্খা: একপদের পর অন্যপদ শোনার যে ইচ্ছা।
আসত্তি: বাক্যের অর্থসঙ্গতি রক্ষার সুশৃঙ্খল পদ বিন্যাস।
যোগ্যতা: অর্থগত ও ভাবগত সমন্বয় বুঝানো।
যেমন: গরু মাংস খায় [এ বাক্যে যোগ্যতার অভাব রয়েছে। গরু তৃণভোজী, সঠিক বাক্য: গরু ঘাস খায়]

☞ বাহুল্য দোষ: প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাক্যে বাহুল্য দোষ ঘটে।
যেমন: সকল আলেমগণ আজ উপস্থিত [আলেমগণ বহুবচন, এর সাথে সকল শব্দ যোগ দূষণীয়। শুদ্ধ বাক্য: সকল আলেম আজ উপস্থিত/ আলেমগণ আজ উপস্থিত]

☞ গুরুচ-লী দোষ: তৎসম শব্দের সঙ্গে দেশি শব্দের প্রয়োগ বা সাধু ও চলিত ভাষার মিশ্রণ। যেমন: মড়াদাহ দেশি + তৎসম, শুদ্ধরূপ: মড়াপোড়া (দেশি + দেশি)], শবপোড়া [তৎসম + দেশি, শুদ্ধরূপ: শবদাহ (তৎসম + তৎসম)]

☞ বর্ণনাত্মক বা নির্দেশাত্মক বাক্য: যে বাক্যে কোনো ঘটনার ভাব বা তথ্য থাকে এবং সে বক্তব্যকে সাধারণভাবে বিবৃত বা নির্দেশ করা হয়, তাকে বর্ণনাত্মক বা নির্দেশাত্মক বাক্য বলে। যথা– তাদের ভুলটা ভাঙতে দেরি হয় না। হৈম তার অর্থ বুঝিল না।

☞ ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য: যে বাক্যে ইচ্ছা বা প্রার্থনাসূচক অর্থ প্রকাশ পায়, তাকে ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য বলে। যথা– বল বীর বল উন্নত মম শির। কাল একবার এসো। খোদা আপনার মঙ্গল করুন।

☞ প্রশ্নবোধক বাক্য: যে ধরনের বাক্যে কোন কিছু জিজ্ঞাসা বা প্রশ্নসূচক অর্থ প্রকাশ পায়, তাকে প্রশ্নবোধক বাক্য বলে। যেমন: আপনি কোথা থেকে এসেছেন? রহিম তুমি কি কাল ঢাকা যাবে? সে কি আমাদের এখানে আসবে না?

☞ অনুজ্ঞাবাচক বাক্য? যে বাক্যে আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ, প্রস্তাব ইত্যাদি বোঝায়, তাকে অনুজ্ঞাবাচক বাক্য বলে। যেমন: আদেশ– ঘর থেকে বের হয়ে যাও। অনুরোধ– আমাকে ৫০টি টাকা ধার দাও। উপদেশ– অযথা ঋণ করিও না।

☞ **গঠন অনুসারে বাক্য তিন প্রকার**

**সরল বাক্য:** একটি কর্তা ও একটি সমাপিকা ক্রিয়া থাকে। যেমন: সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত। হযরত মোহাম্মদ (স) ছিলেন একজন আদর্শ মানব। গাড়ি ঘোড়া চড়লে লেখাপড়া কর। ইহাদের মত রূপবতী রমণী আমার অন্তঃপুরে নাই।
বিদ্বান লোক সকলের শ্রদ্ধার পাত্র।
তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি।
ধনের ধর্মই অসাম্য।
তুমি অধম বলে আমি উত্তম হবো না কেন?
কাজ অনুযায়ী ফল পাবে।
জ্ঞানী লোক সকলের শ্রদ্ধার পাত্র।
মিথ্যাবাদীকে কেউ ভালবাসে না।
মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে।
যেমন কর্ম তেমন ফল।

☞ **জটিল বা মিশ্র বাক্য:** একটি প্রধান খ-বাক্য এবং এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পরের সপেক্ষভাবে ব্যবহৃত হয়।
যখন তোমার হাতে টাকা হবে, তখন আমাকে দিও।
যেমন কাজ করবে, তেমন ফল পাবে।
হাসান নিয়মিত পড়াশোনা করে বলে পুস্কার পায়।
যেহেতু তুমি বেশি নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে।
যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম।
যদি সত্য বল তাহলে মুক্তি পাবে।
সে বলতে চায় তথাপি বলে না।
যতই পরিশ্রম করবে ততই ফল পাবে।
যদি বৃষ্টি হয়, তবে বের হব ন।
যিনি জ্ঞানী তিনিই সত্যিকার ধনী।

☞ **যৌগিক বাক্য:** পরস্পর নিরপেক্ষ দু'টি সরল বাক্যের সাহায্যে সম্পূর্ণ বাক্য গঠন-
তাঁর বয়স বেড়েছে, কিন্তু বুদ্ধি বাড়েনি।
তার চুল পেকেছে, কিন্তু বুদ্ধি পাকেনি।
সে যেতে চায়, তথাপি বসে আছে।
সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি।
তপুর বয়স অল্প, কিন্তু বেশ বুদ্ধিমান।
লেখাপড়া কর, তাহলে গাড়ি-ঘোড়ায় চড়তে পারবে।

## শিক্ষকের করণীয় | বাচ্য

### বাচ্য বিষয়ক আলোচনা

**সংজ্ঞা: বাক্যের বিভিন্ন ধরনের প্রকাশভঙ্গিকে বাচ্য বলে।**

বাংলা ভাষায় ৩টি বাচ্য পাওয়া যায়- কর্তৃবাচ্য, কর্মবাচ্য ও ভাববাচ্য।
☞ [বিভিন্ন ধরনের বাচ্যের সঙ্গে পরিচিত হওয়ার আগে বাক্যের কর্তা ও কর্ম সম্পর্কে ভালোভাবে জানা দরকার।]

**কর্তা** : যেই পদ বাক্যের ক্রিয়া সম্পাদন করে তাকে কর্তা বলে। অর্থাৎ, যে বাক্যের কাজটি করে, সে-ই কর্তা। যেমন-

**-টেবিলটি সকাল থেকে এরকম নড়বড় করছে।**

- এখানে 'নড়বড় করা'র কাজটি করছে 'টেবিল'। সুতরাং, এখানে কর্তা 'টেবিল'।
- ক্রিয়াকে 'কে/কারা' দিয়ে প্রশ্ন করলে কর্তা পদ পাওয়া যায়।

**কর্ম** : কর্তা যাকে আশ্রয় করে বা অবলম্বন করে ক্রিয়া সম্পাদন করে, তাকে কর্ম বলে। অর্থাৎ, কর্তা যার সাহায্যে কাজটি করে, তাই কর্ম। যেমন-

**-বাবা আমাকে ল্যাপটপ কিনে দিয়েছেন।**

- এখানে 'কিনে দেয়া'র কাজটি করেছেন 'বাবা'। 'বাবা' এখানে কর্তা। 'বাবা' 'কিনে দেয়া'র কাজ করার জন্য 'আমাকে' ও 'ল্যাপটপ'-র সাহায্য নিয়েছেন। এখানে, 'আমাকে' ও 'ল্যাপটপ' কর্ম।
- ক্রিয়াকে 'কী/ কাকে' দিয়ে প্রশ্ন করলে কর্তা পদ পাওয়া যায়।

**বাচ্যের প্রকারভেদ:**

**কর্তৃবাচ্য** : বাক্যে কর্তার প্রাধান্য রক্ষিত হলে তাকে কর্তৃবাচ্য বলে।

- এ ধরনের বাক্যে কর্তা অনুযায়ী ক্রিয়াপদ ব্যবহৃত হয় এবং ক্রিয়া কর্তার অনুসারী হয়।
- কর্তৃবাচ্যের পদে কর্তায়-শূণ্য বিভক্তি হয়।
- কর্মে- দ্বিতীয়া বা ষষ্ঠী বিভক্তি হয়। (শূণ্য বিভক্তিও হতে পারে) যেমন- ছাত্ররা বাংলা পড়ছে।

**কর্মবাচ্য**: কর্মপদ প্রধান রূপে প্রকাশিত হলে তাকে কর্মবাচ্য বলে।

- এ ধরনের বাক্যে ক্রিয়াপদ কর্তা অনুযায়ী না হয়ে কর্মপদ অনুযায়ী হয় এবং কর্মপদের অনুসারী হয়।
- এ ধরনের বাক্যে কর্তায়- তৃতীয়া বিভক্তি হয়।
- কর্মে- শূণ্য বিভক্তি হয়। (কখনো কখনো দ্বিতীয়া বিভক্তিও হয়) যেমন- শিকারি কর্তৃক বাঘটি নিহত হয়েছে।

**ভাববাচ্য**: বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে প্রকাশিত হলে তাকে ভাববাচ্য বলে।

- এ ধরনের বাক্যে কর্ম থাকে না এবং কর্তাও প্রধান হয় না।
- কাউকে কোন কিছু সরাসরি না বলে ঘুরিয়ে বলতে গেলে এ ধরনের বাক্যে কর্তায়- ষষ্ঠী, দ্বিতীয়া বা তৃতীয়া বিভক্তি হয়।
- নামপুরুষের ক্রিয়াপদ [ক্রিয়াপদ] হয়।
- মাঝে মাঝে মূল ক্রিয়াপদের সঙ্গে সহযোগী ক্রিয়াপদও যুক্ত হয়।
- কখনো কখনো কর্তা উহ্য থাকে, অর্থাৎ কর্তা অনুল্লেখিত থাকে। যেমন-
    - আমার খাওয়া হল না। (নামপুরুষের ক্রিয়াপদ)
    - তোমার যাওয়া হবে না। (নামপুরুষের ক্রিয়াপদ)
    - এ পথে চলাযায়না। (সহযোগী ক্রিয়াপদ যুক্ত)
    - কোথা থেকে আসাহচ্ছে। (সহযোগী ক্রিয়াপদ যুক্ত)
    - এ ব্যাপারে আমাকে দায়ী করা চলে না। (কর্তা 'তুমি' উহ্য)
    - এ রাস্তা আমার চেনা নেই।

**কর্মকর্তৃবাচ্য** : যে বাক্যে কর্তা থাকে না, কর্মই কর্তার কাজ করে, তাকে কর্মকর্তৃবাচ্য বলে।

- এ ধরনের বাক্যে কর্তাপদ উহ্য থাকে, তবে কর্মপদ থাকে। আর ওই কর্মপদই কর্তার কাজ করে। যেমন-
    - কাজটা ভাল দেখায় না। - এখানে কর্তা নেই। কর্ম হল 'কাজ'। কিন্তু 'কাজ' নিজেই কর্তার মত বাক্যকে নেতৃত্ব দিচ্ছে। এরকম-
    - বাঁশি বাজে এ মধুর লগনে।
    - সুতি কাপড় অনেক দিন টেকে।

**শিক্ষার্থীর করণীয়** | **গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ**

### বিবিধ বাক্য সংকোচন

- যা শল্য-ব্যথা দূরীকৃত করে = বিশল্যকরণী
- যা জল দেয় = জলদ (মেঘ)
- যা কোথাও উঁচু কোথাও নিচু = বন্ধুর
- যা নিজের দ্বারা অর্জিত = স্বোপার্জিত
- অতিশয় ঘটা বা জাঁকজমক = বহ্বাড়ম্বর
- অনশনে মৃত্যু = প্রায়
- ইতস্তত গমনশীল বা সঞ্চরণশীল = বিসর্পী
- ঋণ শোধের জন্য যে ঋণ করা হয় = ঋণার্ণ
- ঐতিহাসিককালেরও আগের = প্রাগৈতিহাসিক
- কথার মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র প্রসঙ্গ বা প্রবচনাদি প্রয়োগ = বুক্‌নি
- বন্দুক বা তির ছোঁড়ার অনুশীলনের জন্য স্থাপিত লক্ষ্য = চাঁদমারি
- ভুলহীন ঋষি বাক্য = আপ্তবাক্য
- জ্বলছে যে অর্চি (শিখা) = জ্বলদর্চি
- পত্নীর সাথে বর্তমান = সপত্নীক
- যা মাটি ভেদ করে ওঠে = উদ্ভিদ
- যা প্রকাশ করা হয়নি = অব্যক্ত
- যা ধারণ বা পোষণ করে = ধর্ম
- অকালে উৎপন্ন কুমড়া = অকালকুষ্মা-
- অধর-প্রান্তের হাসি = বক্রোষ্ঠিকা
- অভ্রান্ত জ্ঞান = প্রমা
- অন্যের মনোরঞ্জনের জন্য অসত্য ভাষণ = উপচার
- এক বস্তুতে অন্য বস্তুর কল্পনা = অধ্যাস
- আশীর্বাদ ও অভয়দানসূচক হাতের মুদ্রা = বরাভয়
- প্রাণ ওষ্ঠাগত হবার মতো অবস্থা = লবেজান
- হস্ত, অশ্ব, রথ, পদাতিকের সমাহার = চতুরঙ্গ
- রোদে শুকোনো আম = আমশি
- পত্নী বর্তমান থাকা সত্ত্বেও পুনর্বিবাহ = অধিবেদন
- পঙ্‌ক্তিতে বসার অনুপযুক্ত = অপাঙ্‌ক্তেয়

- দুয়ের মধ্যে একটি = অন্যতর
- মান্যব্যক্তিকে অভ্যর্থনা জন্য কিছুদূর এগিয়ে যাওয়া = প্রত্যুৎগমন
- মাটিতে গড়াগড়ি দিচ্ছে এমন = উপাবৃত্ত
- স্বার্থের জন্য অন্যায় অর্থ প্রদান (ঘুষ) = উপদা
- ঈষৎ উষ্ণ = কবোষ্ণ
- গদ্যপদ্যময় কাব্য = চম্পূ
- পূর্ব ও পরের অবস্থা = পৌর্বাপর্য
- তৃণাচ্ছাদিত ভূমি = শাদ্বল
- সৈনিকদলের বিশ্রাম শিবির = স্কন্দাবার
- অজ (ছাগল) কে গ্রাস করে যা = অজগর
- অকালপক্ব হয়েছে যে = অকালপক্ক
- অভিজ্ঞতার অভাব আছে যার = অনভিজ্ঞ
- অশ্ব-রথ-হস্তী-পদাতিক সৈন্যের সমাহার = চতুরঙ্গ
- অন্তরে জল আছে এমন যে (নদী) = অন্তঃসলিলা
- আপনাকে কেন্দ্র করে চিন্তা = আত্মকেন্দ্রিক
- স্বপ্নে (ঘুমে) শিশুর স্বগত হাসি-কান্না = দেয়ালা
- বড় ভাই থাকতে ছোট ভাইয়ের বিয়ে = পরিবেদন
- স্বাদ গ্রহণ করা হয়েছে এমন = স্বাদিত
- ধর্মপুরুষ বা সন্ন্যাসীর পর্যটন = পরিব্রাজন
- জয়ের জন্য যে উৎসব = জয়ন্তী
- উপদেশ ছাড়া লব্ধ প্রথম জ্ঞান = উপজ্ঞা
- গরুর খুরে চিহ্নিত স্থান = গোষ্পদ
- এক থেকে শুরু করে = একাদিক্রমে
- নষ্ট হওয়া স্বভাব যার = নশ্বর
- জলপানের জন্য দেয় অর্থ = জলপানি (বৃত্তি)
- সকলের জন্য প্রযোজ্য = সার্বজনীন
- সমুদ্র থেকে হিমালয় পর্যন্ত = আসমুদ্রহিমাচল
- স্তন্য পান করে যে = স্তন্যপায়ী
- মিলনের ইচ্ছায় নায়ক বা নায়িকার সঙ্কেত স্থানে গমন = অভিসার
- লবণ কম দেওয়া হয়েছে এমন = আলুনি
- দ্বারে থাকে যে = দৌবারিক
- মান্যব্যক্তি বিদায়কালে কিছুদূর এগিয়ে দেওয়া = অনুব্রজন
- মৃত্তিকার দ্বারা নির্মিত = মৃন্ময়
- ইন্দ্রের অশ্ব = উচ্চৈঃশ্রবা
- গুরুর বাসগৃহ = গুরুকুল
- সদ্য দোহনকৃত উষ্ণ দুধ = ধারোষ্ণ
- বাহ্ বা রাস্তায় ডাকাতি = রাহাজানি
- মাসের শেষ দিন = সংক্রান্তি
- নিতান্ত দগ্ধ হয় যে সময়ে (গ্রীষ্মকাল) = নিদাঘ
- অভ্র (মেঘ) লেহন / স্পর্শ করে যা = অভ্রংলিহ
- অহংকার নেই যার = নিরহংকার
- অন্য গতি নাই যার = অগত্যা
- অষ্টপ্রহর (সারা দিন) ব্যবহার্য যা = আটপৌরে
- অন্তরে যা ঈক্ষণ (দেখার) যোগ্য = অন্তরিক্ষ
- আদি থেকে অন্ত পর্যন্ত = আদ্যোপান্ত
- মাছিও প্রবেশ করে না যেখানে = নির্মক্ষিক
- স্বামীর চিতায় পুড়ে মরা = সহমরণ
- ধর্মীয় কাজ করার জন্য তীর্থভ্রমণ = প্রব্রজ্যা
- যুদ্ধ থেকে যে বীর পালায় না = সংশপ্তক
- ফেলে দেবার যোগ্য = ফেল্না
- কি করতে হবে তা বুঝতে না পারা = কিংকর্তব্যবিমূঢ়
- ঘরের অভাব = হা-ঘর
- তল স্পর্শ করা যায় না যার = অতলস্পর্শী
- অন্ন-ব্যঞ্জন ছাড়া অন্য আহার্য = জলপান
- জ্বল্ জ্বল্ করছে যা = জাজ্বল্যমান
- সকলের জন্য হিতকর বা মঙ্গলজনক = সর্বজনীন
- আয়ুর পক্ষে হিতকর = আয়ুষ্য
- ইন্দ্রজাল (জাদু) বিদ্যায় পারদর্শী = ঐন্দ্রজালিক
- সূর্যের ভ্রমণপথের অংশ বা পরিমাণ = অয়নাংশ
- হাতির পিঠে আরোহী বসার স্থান = হাওদা

## অক্ষি বা চক্ষু সংক্রান্ত বাক্য সংকোচন

- অক্ষির অভিমুখে = প্রত্যক্ষ
- অক্ষিতে কাম যার (যে নারীর) = কামাক্ষী
- অক্ষির সমীপে = সমক্ষ
- চোখে চোখে রাখা হয়েছে যাকে = নজরবন্দী
- চক্ষুলজ্জা নাই যাহার = চশমখোর
- অক্ষির অগোচরে = পরোক্ষ
- অক্ষি পত্রের (চোখের পাতা) লোম = অক্ষিপক্ষ্ম
- চোখের কোণ = অপাঙ্গ
- চোখে দেখা যায় এমন = চক্ষুগোচর
- চক্ষু দ্বারা গৃহীত যা = চাক্ষুষ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চোখের নিমেষ না ফেলিয়া | = | অনিমেষ | চক্ষুর সম্মুখে সংঘটিত | = | চাক্ষুষ |
| পদ্মের ন্যায় অক্ষি বা চোখ | = | পু-রীকাক্ষ | | | |

## বিভিন্ন রকম জয়ন্তী

| | | | | | |
|---|---|---|---|---|---|
| পঁচিশ বছর পূর্ণ হওয়ার উৎসব | = | রজত জয়ন্তী | পঞ্চাশ বছর পূর্ণ হওয়ার উৎসব | = | সুবর্ণ জয়ন্তী |
| ষাট বছর পূর্ণ হওয়ার উৎসব | = | হীরক জয়ন্তী | একশত পঞ্চাশ বছর | = | সার্ধশতবর্ষ |

## বিভিন্ন রকম ইচ্ছা

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| অনুকরণ করার ইচ্ছা | = | অনুচিকীর্ষা | অনুসন্ধান করার ইচ্ছা | = | অনুসন্ধিৎসা | অপকার করার ইচ্ছা | = | অপচিকীর্ষা |
| উদক (জল) পানের ইচ্ছা | = | উদন্যা | করার ইচ্ছা | = | চিকীর্ষা | ক্ষমা করার ইচ্ছা | = | চিক্ষমিষা |
| খাইবার ইচ্ছা | = | ক্ষুধা | গমন করার ইচ্ছা | = | জিগমিষা | জয় করার ইচ্ছা | = | জিগীষা |
| জানবার ইচ্ছা | = | জিজ্ঞাসা | ত্রাণ লাভ করার ইচ্ছা | = | তিতীর্ষা | দান করার ইচ্ছা | = | দিৎসা |
| দেখবার ইচ্ছা | = | দিদৃক্ষা | নিন্দা করার ইচ্ছা | = | জুগুপ্সা | নির্মাণ করার ইচ্ছা | = | নির্মিৎসা |
| প্রতিকার করার ইচ্ছা | = | প্রতিচিকীর্ষা | প্রবেশ করার ইচ্ছা | = | বিবক্ষা | প্রতিবিধান করার ইচ্ছা | = | প্রতিবিধিৎসা |
| পান করার ইচ্ছা | = | পিপাসা | প্রিয় কাজ করার ইচ্ছা | = | প্রিয়চিকীর্ষা | বমন করার ইচ্ছা | = | বিবমিষা |
| বাস করার ইচ্ছা | = | বিবৎসা | বিজয় লাভের ইচ্ছা | = | বিজিগীষা | বেঁচে থাকার ইচ্ছা | = | জিজীবিষা |
| ভোজন করার ইচ্ছা | = | বুভুক্ষা | মুক্তি পেতে ইচ্ছা | = | মুমুক্ষা | যে রূপ ইচ্ছা | = | যদৃচ্ছা |
| রমণের ইচ্ছা | = | রিরংসা | লাভ করার ইচ্ছা | = | লিপ্সা | সৃষ্টি করার ইচ্ছা | = | সিসৃক্ষা |
| সেবা করার ইচ্ছা | = | শুশ্রূষা | হিত করার ইচ্ছা | = | হিতৈষা | হনন করার ইচ্ছা | = | জিঘাংসা |

## বিভিন্ন রকম ডাক

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| অশ্বের ডাক | = | হ্রেষা | কোকিলের ডাক | = | কুহু | কুকুরের ডাক | = | বুক্কন |
| পেঁচা বা উলূকের ডাক | = | ঘূৎকার | বাঘের ডাক | = | গর্জন | ময়ূরের ডাক | = | কেকা |
| মোরগের ডাক | = | শকুনিনাদ | রাজহাঁস (পক্ষির) কর্কশ ডাক | = | ক্রেঙ্কার | সিংহের নাদ (ডাক) | = | হুঙ্কার |
| হাতির ডাক | = | বৃংহণ বা বৃংহতি | | | | বিহঙ্গের (পাখির) ডাক/ ধ্বনি | = | কূজন/ কাকলি। |

## বিভিন্ন রকম ধ্বনি

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| অলঙ্কারের ধ্বনি | = | শিঞ্জন | আনন্দজনক ধ্বনি | = | নন্দিঘোষ | গম্ভীর ধ্বনি | = | মন্দ্র |
| ঝন্‌ঝন শব্দ | = | ঝনৎকার | ধনুকের ধ্বনি | = | টঙ্কার | নূপুরের ধ্বনি | = | নিক্কণ |
| বাদ্যযন্ত্রের ধ্বনি | = | ঝংকার | বিহঙ্গের ধ্বনি | = | কাকলি | বীরের গর্জন | = | হুঙ্কার |
| ভ্রমরের শব্দ | = | গুঞ্জন | শুকনো পাতার শব্দ | = | মর্মর | সমুদ্রের ঢেউ | = | ঊর্মি |
| সমুদ্রের ঢেউয়ের শব্দ | = | কল্লোল | সেতারের ঝংকার | = | কিঙ্কিনি | আনন্দের আতিশয্যে সৃষ্ট কোলাহল | = | হর্‌রা |

## বিভিন্ন রকম চামড়া বা খোলস

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| বাঘের চর্ম | = | কৃত্তি | সাপের খোলস | = | নির্মোক বা কঞ্চুক | হরিণের চর্ম | = | অজিন |
| হরিণের চর্মের আসন | = | অজিনাসন | | | | | | |

## বিভিন্ন রকম শাবক বা বাচ্চা

- হাতির শাবক (বাচ্চা) = করভ
- ব্যাঙের ছানা = ব্যাঙাচি

## নারী বিষয়ক বিভিন্ন বাক্য সংকোচন

- অবিবাহিত জ্যেষ্ঠা থাকার পরও যে কনিষ্ঠার বিয়ে হয় = অগ্রেদিধিষু
- উত্তম বস্ত্রালঙ্কারে সুসজ্জিত নটীগণের নৃত্য = যৌবত
- কুমারীর পুত্র = কানীন
- নারীর কটিভূষণ = রশনা
- নারীর কোমরবেষ্টনিভূষণ = মেখলা
- নারীর লীলাময়ী নৃত্য = লাস্য
- যে নারী অঘটন ঘটাতে পারদর্শী = অঘটনঘটনপটিয়সী
- যে নারী অতি উজ্জ্বল ও ফর্সা = মহাশ্বেতা
- যে নারী অপরের দ্বারা প্রতিপালিতা = পরভৃতা বা পরভৃতিকা
- যে নারীর অসূয়া (হিংসা) নেই = অনসূয়া
- যে নারী আনন্দ দান করে = বিনোদিনী
- যে নারী একবার সন্তান প্রসব করেছে = কাকবন্ধ্যা
- যে নারী কলহপ্রিয় = খা-নী
- যে নারী চিত্রে অর্পিতা বা নিবদ্ধা = চিত্রার্পিতা
- যে নারী চিরকাল পিতৃগৃহবাসিনী = চিরণ্টা
- যে নারীর দুটি মাত্র পুত্র = দ্বিপুত্রিকা
- যে নারী (বা গাভী) দুগ্ধবতী = পয়স্বিনী
- যে নারী দেহ সৌষ্ঠব সম্পন্না = অঙ্গনা
- যে নারীর নখ শূর্পের (কুলা) মত = শূর্পণখা
- যে নারীর পঞ্চ স্বামী = পঞ্চভর্তৃকা
- যে নারী পূর্বে অন্যের স্ত্রী ছিল = অন্যপূর্বা
- যে নারী প্রিয় বাক্য বলে = প্রিয়ংবদা
- যে নারী বার (সমূহ) গামিনী = বারাঙ্গনা
- যে নারীর বিয়ে হয়েছে = ঊঢ়া
